

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
(মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
ঢাকা

নং-পম/আনরুস(এমএইউ)/১৩০/২০১৭/৮৩২

তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০১৭

প্রেরক : জনাব এ কে এম মনিরুল হক  
সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
প্রাপক : রিয়ার এ্যাডমিরাল মোঃ খুরশেদ আলম (অবঃ)  
সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ১৬-১৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে শ্রীলংকার কলম্বোতে অনুষ্ঠিতব্য “Trincomalee Consultation: Regional Cooperation for Economic Prosperity and Maritime Security in the Bay of Bengal”-এ রিয়ার এ্যাডমিরাল মোঃ খুরশেদ আলম (অবঃ), সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অংশগ্রহণের নিমিত্তে সফরের সরকারী মঞ্জুরী।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আপনার অনুকূলে আগামী ১৬-১৭ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে শ্রীলংকার কলম্বোতে অনুষ্ঠিতব্য “Trincomalee Consultation: Regional Cooperation for Economic Prosperity and Maritime Security in the Bay of Bengal”-এ রিয়ার এ্যাডমিরাল মোঃ খুরশেদ আলম (অবঃ), সচিব, মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অংশগ্রহণের নিমিত্তে সফরের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরের সময় আপনি নিজ দপ্তরে কর্তব্যরত আছেন বলে গণ্য করা হবে এবং আপনার বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত হবেন না।

খ) সফরের আনুষঙ্গিক যাবতীয় ব্যয় ব্যয় অত্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট এর ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট বরাদ্দ হতে বহন করা হবে।

গ) উক্ত সফরের জন্য আপনি ১৫ ফেব্রুয়ারি ২০১৭ অথবা নিকটবর্তী তারিখে শ্রীলংকা এর উদ্দেশ্যে রওয়ানা করবেন এবং কার্যশেষে ১৮ ফেব্রুয়ারি ২০১৭ অথবা নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে জারীকৃত এ ভ্রমণ আদেশে যথাযথ কর্তৃপক্ষের সম্মতি রয়েছে।

 ০৫/০২/২০১৭


(এ কে এম মনিরুল হক)

সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)

দূরলাপনী: +৮৮-০২-৯৫৭৬৬৭১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):

- ১) মহাপরিচালক (প্রশাসন/দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২) পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) রাষ্ট্রাচার উপ-প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬) দূতালয় প্রধান, বাংলাদেশ হাই কমিশন, কলম্বো, শ্রীলংকা।
- ৭) সিনিয়র/সহকারী সচিব (সংস্থাপন-১/তহবিল/বাজেট/সাধারণ সেবা/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) সংশ্লিষ্ট নথি।

 ০৫/০২/২০১৭

(এ কে এম মনিরুল হক)

সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)

দূরলাপনী: +৮৮-০২-৯৫৭৬৬৭১